গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

০৫ ভাদ্র ১৪২৫
নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৬-১৫১ তারিখঃ ----------------
২০ আগস্ট ২০১৮

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুলাই/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১৬ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুলাই/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্নিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ০৫/০৯/২০১৮খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২০/৮/১৮

শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ:

০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন /তথ্য ব্যবস্থাপনা/ প্রশাসন),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (প্রশাসন/বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৬। পরিচালক (এফএ এন্ড এমআইএস/এসএসটিআই),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন,
০৭। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

# পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুলাই/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৬-০৮-২০১৮ খ্রিঃ |
| সময় | : | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব এ. বি. এম. জাকির হোসাইন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র সভায় উপস্থাপন করেন। গত জুন/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অত:পর কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২০০টি ১ম শ্রেণির পদে নিয়োগ/পদোন্নতিঃ**<br>অবশিষ্ট ০৭ (সাত) জন পরিসংখ্যান কর্মকর্তা নিয়োগের জন্য গত ১৬-০৪-২০১৮ খ্রি. তারিখে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে পত্র দেয়া হয়েছে। পিএসসি এর সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, আগামী সেপ্টেম্বর /২০১৮ মাসের ১ম সপ্তাহে ৭৮ জন পরিসংখ্যান কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে যোগদান করবেন। | বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্ধারিত ফর্ম পূরণ করে ৩৭তম বিসিএস থেকে পরিসংখ্যান কর্মকর্তা নিয়োগের জন্য ২০/০৮/২০১৮খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে চাহিদা পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>SID | অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>SID |
| ২ | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ প্রণয়ন:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ চূড়ান্তকরণের নিমিত্ত যুগ্মসচিব (প্রশাসন) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ১৬/০৮/২০১৮ খ্রি. তারিখে এ বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই পরবর্তী সভা অনুষ্ঠিত হবে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ প্রণয়নের নিমিত্ত যুগ্মসচিব (প্রশাসন) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সহিত নিয়মিত যোগাযোগ রাখবেন। | উপসচিব<br>( প্রশাসন-৩)<br>SID | যুগ্মসচিব<br>(প্রশাসন)<br>SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>বিবিএস এর ২য় পর্যায়ের Organogram জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য গত ০৭/০৮/২০১৮ তারিখে মহাপরিচালক, বিবিএস বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রস্তাবিত Organogram অধিকতর যাচাই-বাছাইপূর্বক আগামী ২০-০৯-২০১৮ খ্রি. তারিখের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক, এফ এ এন্ড এমআইএস, বিবিএস | মহাপরিচালক, বিবিএস |
| ৪ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি প্রতিষ্ঠার জন্য জমি বরাদ্দ প্রদান সংক্রান্ত:**<br>পরিচালক(SSTI), BBS জানান যে, জমি বরাদ্দের বিষয়ে রাজউকের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ঢাকার আশেপাশে উপযুক্ত জমি নির্বাচনের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রশিক্ষণ একাডেমী যথোপোযোগী স্থানে প্রতিষ্ঠার জন্য জমি / স্থান নির্বাচনের ক্ষেত্রে নিম্নরূপ উপ-কমিটি গঠন করা হয়:<br>১। ড. কাইয়ুম আরা বেগম, পরিচালক (SSTI), BBS- আহ্বায়ক।<br>২। জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক (এফএ এন্ড এমআইএস), BBS- সদস্য।<br>৩। জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, SID- সদস্য<br>৪। জনাব মহিউদ্দিন আহ্মেদ, উপপরিচালক (সেন্সাস উইং), BBS- সদস্য।<br>৫। জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক (ডেমোগ্রাফী এন্ড হেল্থ উইং), BBS- সদস্য।<br>উক্ত কমিটি আগামী ৩০-০৯-২০১৮ খ্রি. তারিখের মধ্য জমি / স্থান নির্বাচনপূর্বক রিপোর্ট প্রদান করবেন। | পরিচালক(SSTI), BBS | মহাপরিচালক বিবিএস |
| ৫ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>(১) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রশাসন-২ কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ০৬-০৭ আগস্ট/১৮ তারিখ গ্রেড ১৬ থেকে ১০ম পর্যন্ত ৩০ জন, ০৮-০৯ আগস্ট/১৮ তারিখ গ্রেড ২০ থেকে ১৭ পর্যন্ত ২৫ জন এবং ১২-১৩ আগস্ট/১৮ তারিখ গ্রেড ৯ম থেকে তদূর্দ্ধ পর্যন্ত ১৭ জনসহ মোট ৭২ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ শেষ হয়েছে।<br>(২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর SSTI কর্তৃক ১ জুলাই- ১২ আগস্ট/১৮ পর্যন্ত মোট ২৫৩ জন কে প্রশিক্ষণ প্রদান করেছে। | আগামী সেপ্টেম্বর/২০১৮ মাসে এ বিভাগে ৭৮ জন নতুন পরিসংখ্যান কর্মকর্তা যোগদান করবেন । উক্ত ৭৮ জন পরিসংখ্যান কর্মকর্তাদের ১ (এক) মাসব্যাপী মৌলিক প্রশিক্ষণ প্রদানের জন্য পরিচালক, এসএসটিআই সংশোধিত মডিউল তৈরি করবেন। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক, (SSTI), BBS | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>(২) মহাপরিচালক, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:** পরিসংখ্যান ভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যগণকে তাদের দায়িত্ব পালনের জন্য বিশেষভাবে সতর্ক করা হয়েছে। অফিস চলাকালীন বা অফিস সময়ের পর কোন অপরিচিত বা বহিরাগত কোন লোক যেন অফিসে প্রবেশ করতে না পারে সে বিষয়েও সতর্ক করা হয়েছে। উল্লেখ্য গত ২৪/০৭/২০১৮ ইং তারিখে ২ (দুই) জন বহিরাগত ভবনে প্রবেশের বিষয়ে ব্যাখ্যা চাওয়া হয়েছে এবং ভবিষ্যতে এ ধরনের কোন কাজ হবে না মর্মে আনসার কমান্ডার অংগীকার প্রদান করেছেন। | পরিসংখ্যান ভবনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পরিচালক (FA & MIS), BBS | মহাপরিচালক, BBS |
| ৭ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক। গত জুলাই/২০১৮ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-<br>১। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- ১০ম।<br>২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো- ৩৭তম। | ই-ফাইলিং কার্যক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের Ranking সন্তোষজনক হলেও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো Ranking -এ অনেক পিছনে। ই-ফাইলিং কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে Ranking- এ প্রথম দিকে অবস্থানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক (MIS), BBS এবং পরিচালক (Computer), BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস |
| ৮ | **অডিট আপত্তি সংক্রান্ত:** বিবিএস এর মোট অডিট আপত্তির সংখ্যা ৩৮টি তন্মধ্যে ২০০৯-২০১২ নিরীক্ষা সনের ০৪টি অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব (প্রমাণকসহ) গত ২২ জুলাই/১৮ খ্রি. তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আগামী ১০/০৯/২০১৮খ্রি. তারিখে ত্রি-পক্ষীয় এবং দ্বি-পক্ষীয় সভা আয়োজনপূর্বক অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | (১) উপসচিব (অডিট ও সমন্বয়), SID<br>(২)পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস |
| ৯ | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:** অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পন্ন করা হয়ে থাকে। | অভিযোগ পাওয়া মাত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১০ | **মামলা সংক্রান্ত:** বর্তমানে চালুকৃত ৩০টি মামলা দ্রুত নিষ্পত্তি করার লক্ষ্যে পরিসংখ্যান কর্মকর্তা (সিপিও) ব্যবস্থা নিচ্ছেন মর্মে সভায় জানানো হয়। | চালুকৃত মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে পরিসংখ্যান কর্মকর্তা (সিপিও)-কে আরো তৎপর হতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), এফএ এন্ড এমআই এস, বিবিএস | মহাপরিচালক BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>উপসচিব (এসডিজি সেল) সভায় জানান যে,<br>১। গত ৯/৮/২০১৮ খ্রি. তারিখে APA ২০১৭-২০১৮-এর বার্ষিক অর্জন মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়েছে।<br>২। গত ২৫/০৭/২০১৮ ইং তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার মাধ্যমে APA এর জন্য ফোকালপয়েন্ট কর্মকর্তা ও সুপারভাইজিং কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন এবং বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম গঠন করা হয়েছে।<br>৪। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রতিটি প্রশিক্ষণ কোর্সে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে একটি বিশেষ মডিউল অন্তর্ভুক্ত করা হয়েছে। | APA ২০১৮-২০১৯ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সুপারভাইজিং কর্মকর্তাগণকে APA বাস্তবায়নে তৎপর হতে হবে। | উপসচিব (এসডিজি) SID ও পরিচালক (প্লানিংসেল) BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID, মহাপরিচালক BBS |
| ১২ | **শুদ্ধাচার কৌশল:**<br>১। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী এ বিভাগের ২ (দুই) জন কর্মকর্তা ও কর্মচারীকে পুরস্কার প্রদান করা হয়েছে।<br>২। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় এ বিভাগাধীন বিবিএস এর কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>৩। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা করে অগ্রগতির প্রতিবেদন তিন মাস অন্তর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। | উপসচিব (এসডিজি সেল) SID, | যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ১৩ | **তথ্য অধিকার আইন (RTI) অনুযায়ী তথ্য প্রদান সংক্রান্ত:**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে আপীল কর্তৃপক্ষ হিসাবে জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, সচিব (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ), দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন, উপসচিব (তথ্য ব্যবস্থাপনা অধিশাখা) এবং বিকল্প কর্মকর্তা হিসেবে বেগম নূর জাহান, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা)-কে নিয়োগ প্রদান করে তথ্য মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। | তথ্য অধিকার আইন অনুযায়ী চাহিত তথ্য প্রদান করতে হবে। | উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা অধিশাখা), SID | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | **যানবাহন সংক্রান্ত:**<br>১। অকেজো ৩টি গাড়ী নিলামে বিক্রয়ের লক্ষ্যে পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে ২টি প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক দরপত্র দাখিল করা হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ০৮/০৮/২০১৮ খ্রি. তারিখ দরপত্র মূলায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত কমিটি একটি প্রতিষ্ঠান/কম্পানীকে উপযুক্ত বিবেচনা করে সুপারিশ করেছেন।<br><br>২। সংশ্লিষ্ট গাড়ীসমূহের কাগজপত্র প্রস্তুতপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর টিওএন্ড ই-তে অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ১। বিধি-বিধান অনুসরণপূর্বক অকেজো গাড়ী দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>২। সংশ্লিষ্ট গাড়ীসমূহের কাগজপত্র দ্রুত হালনাগাদ করতে হবে। | উপসচিব (বাজেট), SID ও পরিচালক, এফএ এন্ড এমআইএস BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক, BBS |
| ১৫ | **পরিচালক/যুগ্মপরিচালক পদে পদোন্নতিঃ**<br>পরিচালক, যুগ্ম পরিচালক, উপপরিচালক, পরিসংখ্যান কর্মকর্তা, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিত পদোন্নতি প্রদান অব্যাহত রাখতে হবে। | উপ-সচিব (প্রশাসন-১) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |
| ১৬ | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ফ্ল্যাট বরাদ্দ:**<br>গত ০৩-০৭-২০১৮ তারিখে মাননীয় মন্ত্রীর দপ্তরে পুনরায় পত্র দেয়া হয়েছে। জবাব পাওয়া যায় নি। | মাননীয় মন্ত্রীর দপ্তরে পুনরায় পত্র দিতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |
| ১৭ | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:**<br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দীর্ঘ দিন কোন পত্র পেন্ডিং না থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

# বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br>ক) ২জন কর্মচারী নিয়োগের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>খ) রিট পিটিশন নং ১৪৮৫৭/১৭-এর গত ০৮/০৭/২০১৮ ইং তারিখের আদেশের Certified copy পাওয়ার জন্য আবেদন করা হয়েছে। কপি দ্রুত পাওয়ার জন্য যোগাযোগ অব্যাহত আছে। উক্ত Copy পাওয়ার পর আইন-অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) রিট পিটিশন নং ১৪৮৫৭/১৭-এর Certified copy পাওয়ার আবেদনের কপি ২০-০৮-২০১৮ খ্রি. তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন), SID বরাবর জমা দিবেন। | পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), BBS | মহাপরিচালক BBS |
| ২ | **আউটসোর্সিং এর মাধ্যমে ড্রাইভার , অফিস সহায়ক, চেইনম্যান, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য পদে নিয়োগঃ**<br>আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের জন্য ইতোপূর্বে গঠিত কমিটি পুনর্গঠনের লক্ষ্যে এ বিভাগের প্রশাসন-৩ অধিশাখা হতে গত ১৮/০৭/২০১৮ খ্রি. তারিখে পত্র দেয়া হয়েছে। | কমিটি পুনর্গঠনপূর্বক আউটসোর্সিং-এর মাধ্যমে দ্রুত নিয়োগ সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক BBS | - |
| ৩ | **বিবিধঃ**<br>**ক) ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত:**<br>তথ্য প্রাপ্তি সাপেক্ষে ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল পরিসংখ্যান ভবনে স্থাপন সাংক্রান্ত:**<br>এ বিভাগের গত ২০/০৫/২০১৮খ্রি. তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরালটি পরিসংখ্যান ভবনের নীচতলায় (ভিতরে) কিংবা চত্বরে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে গত ০৯/০৮/২০১৮খ্রি. তারিখে | ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) গঠিত কমিটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল পরিসংখ্যান ভবনে দ্রুত স্থাপন করবেন। | ১। পরিচালক, কম্পিউটার উইং, প্রোগ্রামার, SID<br><br>২। জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, এসআইডি | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID ও মহাপরিচালক বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| | এ বিভাগের প্রশাসন-২ শাখা হতে নিম্মরুপ কমিটি গঠন করা হয়েছে:<br><br>ক. জনাব মো. দিলদার হোসেন, উপসচিব ও প্রকল্প পরিচালক, এনএসডিএস প্রকল্প –আহবায়ক<br>খ.জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক, বিবিএস-সদস্য<br>গ. জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস-সদস্য<br>ঘ. জনাব মো. জাকির হোসেন, আয়ন ব্যয়ন কর্মকর্তা বিবিএস –সদস্য<br>ঙ. জনাব কালাচাঁদ সরকার, সিনিয়র সহকারী সচিব, এসআইডি-সদস্য সচিব।<br>বেগম শাহনুন নেছা, যুগ্মসচিব (প্রশাসন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালটি নির্মাণের বিষয়ে তত্ত্বাবধান করবেন এবং জনাব এ বি এম জাকির হোসাইন, অতিরিক্ত সচিব (প্রশাসন) সার্বিক সমন্বয় সাধন করবেন। | | | |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যেঃ

ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা / কর্মচারীকে ধন্যবাদ জানান।

খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিকভাবে অর্পিত দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন।

গ) বছর শেষে এ বিভাগের মাসিক সমন্বয় সভার কতগুলি সিদ্ধান্ত বাস্তবায়িত হল- তা নতুন বছরের প্রথম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।